গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০০৬.২১.২৮

তারিখ: ১১ মাঘ ১৪২৮ ব. / ২৫ জানুয়ারি ২০২২ খ্রি.

**বিষয়ঃ মুজিববর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনে বরাদ্দকৃত গৃহের জন্য অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রদান।**

সূত্র: ১) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০০৬.২১.৫০৪, তারিখ: ২৭-১০-২০২১ খ্রি.
২) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০০৬.২১.৫৫৫, তারিখ: ২৬-১২-২০২১ খ্রি.
৩) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০০৬.২১.০৮, তারিখ: ১১-০১-২০২২ খ্রি.
৪) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.২২০.২১.১৩, তারিখ: ১৩-০১-২০২২ খ্রি.

চলতি ২০২১-২০২২ অর্থবছরে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসনে ৩য় পর্যায়ে সূত্রোক্ত ০১ নং স্মারকে ঢাকা, রাজশাহী, রংপুর ও সিলেট বিভাগের ৩৩টি জেলায় ১৪,১৪৩টি গৃহ, সূত্রোক্ত ২ নং স্মারকে চট্টগ্রাম বিভাগের ০৩টি জেলায় ১,০৬৭টি গৃহের এবং সূত্রোক্ত ৩ নং স্মারকে ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, রংপুর, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের ২৯টি জেলায় ৪২৬৩টি গৃহসহ মোট ১৯,৪৭৩ টি দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ বাবদ অর্থ বরাদ্দ প্রদান করা হয়। এছাড়া, সূত্রোক্ত ৪ নং স্মারকে গত ২০২০-২০২১ অর্থবছরে ২য় পর্যায়ে ব্রাহ্মণবাড়ীয়া জেলায় বরাদ্দকৃত গৃহের অবশিষ্ট ২,০৬৪টি গৃহ নির্মাণের জন্য (২,৪০,০০০.০০ - ১,৯০,০০০.০০)=৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা হিসেবে অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রদান করা হয়।

০২। চলতি ২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দকৃত মোট ১৯,৪৭৩টি গৃহ নির্মাণ এবং গত ২০২০-২০২১ অর্থবছরে ব্রাহ্মণবাড়ীয়া জেলায় বরাদ্দকৃত গৃহের অবশিষ্ট ২,০৬৪টি গৃহ নির্মাণে সংশোধিত প্রাক্কলন মোতাবেক (২,৫৯,৫০০.০০ - ২,৪০,০০০.০০)= ১৯,৫০০.০০ (উনিশ হাজার পাঁচশত) টাকা হিসেবে মোট ২১,৫৩৭টি গৃহ নির্মাণে অতিরিক্ত (১৯,৫০০.০০ X ২১,৫৩৭)=৪১,৯৯,৭১,৫০০.০০ (একচল্লিশ কোটি নিরানব্বই লক্ষ একাত্তর হাজার পাঁচশত) টাকা সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে উপ বরাদ্দ প্রদান ও নিম্নবর্ণিত শর্ত এবং নীতিমালা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে সংশ্লিষ্ট **জেলা প্রশাসককে** অনুরোধ করা হলো।

০৩। এ ব্যয় চলতি ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট কোড নং- ১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ খাত হতে নির্বাহ হবে।

**শর্তসমূহঃ**

১। অর্থ উত্তোলন ও কাজ বাস্তবায়নের সময়সীমা ৩০ জুন ২০২২ খ্রি. পর্যন্ত।
২। এই কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে গৃহহীনদের জন্য নগদ টাকায় দুর্যোগ সহনীয় গৃহ নির্মাণের জন্য জারিকৃত নির্দেশিকা অনুসরণ করতে হবে।
৩। এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও শর্ত-১ এ বর্ণিত এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৪। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করা এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫। প্রচলিত নিয়মে প্রকল্প কাজের ভাউচার/মাস্টার রোল নিরীক্ষার জন্য যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
৬। প্রয়োজনীয় পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
৭। সর্বশেষ অনুমোদিত নকশা ও প্রক্কলন (মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষে সংশোধিত) অনুযায়ী মানসম্মত নির্মাণ সামগ্রী ব্যবহার করে টেকসই বাসগৃহ নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে।
৮। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন প্রতি মাসের ০৩ (তিন) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং বাস্তবায়ন শেষে সমাপ্তি/চূড়ান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে;

২৫/০১/২০২২

মো. মনিরুজ্জামান
উপপরিচালক (কাবিখা-১)
☏ ৫৮৮১৫৫৫৬০

চিফ একাউন্স এন্ড ফিন্যান্স অফিসার
খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১৬, আ. গণি রোড, ঢাকা।
(সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবরে অথরিটি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)

চলমান পাতা-২

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০০৬.২১.২৮ তারিখ: ১১ মাঘ ১৪২৮ ব. / ২৫ জানুয়ারি ২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা......................................................................।
২। বিভাগীয় কমিশনার, ..........................................................................................।
৩। জেলা প্রশাসক....................................................................................................।
৪। পরিচালক (মূওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
৫। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ibas++ এ অর্থ প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।]
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ................................................জেলা-..................................।
৭। উপজেলা নির্বাহী অফিসার,.........................................জেলা-...........................................।
৮। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (বরাদ্দ পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ..........................................................।
১০। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,.......................................... (উল্লিখিত অর্থ ibas++ এ ছাড়করণের জন্য উপ-বরাদ্দের কপি ffwibasreport@gmail.com-এ ই-মেইল প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, .................................., জেলা-............................................................।
১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,...............................জেলা-..........................................।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জেষ্ঠ্যতার অনুসারে নয়):

১। সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। পরিচালক (কাবিখা) এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অফিস কপি।

২৫/০১/2022

(মো: মনিরুজ্জামান)
উপপরিচালক (কাবিখা-১)
ফোন : ৫৮৮১৫৫৬০